নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৫.২১-১৭১

তারিখ: ০৯ চৈত্র ১৪২৭
২৩ মার্চ ২০২১

# পরিপত্র-৬

বিষয় : **ইউনিয়ন পরিষদ নির্বাচন-২০২১: ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণ কর্মকর্তা, পোলিং এজেন্ট নিয়োগ ও নির্বাচনি এজেন্ট নিয়োগ ইত্যাদি প্রসংগে**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পরিষদ নির্বাচনের জন্য স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯; স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এবং ইউনিয়ন পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এ অনেক নতুন বিষয় অন্তর্ভুক্ত হয়েছে। এই সকল নতুন বিষয়াদি সকলের জানা আবশ্যক। অপরদিকে অনেকেই এবারই প্রথম প্রার্থী হবেন। নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ব্যক্তিবর্গ এবং প্রার্থীদেরকে অবহিত করার জন্য কতিপয় বিষয় নিম্নে উল্লেখ করা হলোঃ

১। **ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগঃ** ইউনিয়ন পরিষদ নির্বাচনে ব্যবহৃতব্য ভোটকেন্দ্রের তালিকা প্রেরণের পর পরই রিটার্নিং অফিসারকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৮ বিধি অনুসারে প্রতিটি ভোটকেন্দ্রের জন্য প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগের কাজ সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পরিষদ নির্বাচনে প্রতিটি ভোটকেন্দ্রের জন্য একজন প্রিজাইডিং অফিসার এবং প্রিজাইডিং অফিসারকে সহায়তাদানের জন্য প্রতিটি ভোটকক্ষের জন্য একজন সহকারী প্রিজাইডিং অফিসার ও দুইজন পোলিং অফিসার নিয়োগ করতে হবে।

২। **ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের নীতিমালাঃ** নিম্নরূপভাবে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ করতে হবে-

**প্রিজাইডিং অফিসারঃ**

(ক) সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত অফিস ও প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির/প্রথম শ্রেণির পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা, ক্ষেত্র বিশেষে দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা ;

(খ) সরকারি/সরকারি অনুদানপ্রাপ্ত কলেজ/সমমানের মাদ্রাসার শিক্ষক, ক্ষেত্র বিশেষে ডেমোনেস্ট্রেটর/ কর্মকর্তা;

(গ) রাষ্ট্রায়াত্ত ব্যাংক, বীমা, কর্পোরেশন অথবা অনুরূপ কোন প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা, ক্ষেত্র বিশেষে দ্বিতীয় শ্রেণির পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা ;

(ঘ) সরকারি/সরকারি অনুদানপ্রাপ্ত উচ্চ বিদ্যালয়/সমমানের মাদ্রাসার প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক, ক্ষেত্র বিশেষে সিনিয়র শিক্ষক/সহকারী শিক্ষক ;

(ঙ) প্রয়োজনবোধে বেসরকারি ব্যাংক, বীমা অথবা নির্ভরযোগ্য যে কোন বেসরকারি প্রতিষ্ঠানের উক্তরূপ কর্মকর্তা/কলেজ শিক্ষক/প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক/শিক্ষক।

**সহকারী প্রিজাইডিং অফিসারঃ**

(ক) সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত অফিস ও প্রতিষ্ঠানের কর্মকর্তা এবং দ্বিতীয় শ্রেণির/দ্বিতীয় শ্রেণির পদ মর্যাদা সম্পন্ন কর্মকর্তা ;

(খ) সরকারি/সরকারি অনুদানপ্রাপ্ত কলেজ/স্কুল/সমমানের মাদ্রাসার ডেমোনেস্ট্রেটর/কর্মকর্তা ;

(গ) রাষ্ট্রায়াত্ত ব্যাংক, বীমা, কর্পোরেশন অথবা অনুরূপ কোন প্রতিষ্ঠানের দ্বিতীয় শ্রেণির/দ্বিতীয় শ্রেণির পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা ;

(ঘ) সরকারি/ সরকারি অনুদানপ্রাপ্ত উচ্চ বিদ্যালয়/ মাধ্যমিক বিদ্যালয়/সমমানের মাদ্রাসার সহকারী প্রধান শিক্ষক/সিনিয়র শিক্ষক/শিক্ষক ;

(ঙ) সরকারি প্রাথমিক বিদ্যালয়/রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক।

**পোলিং অফিসারঃ**

(ক) সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত অফিস ও প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী ;

(খ) সরকারি/সরকারি অনুদানপ্রাপ্ত কলেজ/সমমানের মাদ্রাসার কর্মকর্তা/কর্মচারী ;

(গ) রাষ্ট্রায়াত্ত ব্যাংক, বীমা, কর্পোরেশন অথবা অনুরূপ কোন প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী ;



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

(ঘ) সরকারি/ সরকারি অনুদানপ্রাপ্ত উচ্চ বিদ্যালয়/ মাধ্যমিক বিদ্যালয়/ সমমানের মাদ্রাসার শিক্ষক/ কর্মকর্তা/ কর্মচারী;

(ঙ) সরকারি প্রাথমিক বিদ্যালয়/রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক;

(চ) প্রয়োজনবোধে বেসরকারি ব্যাংক, বীমা অথবা নির্ভরযোগ্য যে কোন বেসরকারি প্রতিষ্ঠান/শিক্ষা প্রতিষ্ঠানের উক্তরূপ শিক্ষক/ কর্মকর্তা/কর্মচারী।

(ছ) কোনমতেই ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োগ করা যাবে না।

৩। **অতিরিক্ত ভোটগ্রহণ কর্মকর্তা ও মহিলা ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগঃ** ভোটগ্রহণের দিন, ভোটকেন্দ্রে যেন ভোটগ্রহণ কর্মকর্তার স্বল্পতা না হয়, সে জন্য প্রতিটি পদে অর্থাৎ প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার পদে অতিরিক্ত ১০% রিজার্ভ হিসেবে নিয়োগ করা যেতে পারে। যে সকল ভোটকেন্দ্রে মহিলা ভোটারগণ ভোট প্রদান করবেন, সে সকল ভোটকেন্দ্রের জন্য যথাসম্ভব মহিলা প্রিজাইডিং অফিসার, মহিলা সহকারী প্রিজাইডিং অফিসার এবং মহিলা পোলিং অফিসার যেন নিয়োগ করা যায় তদ্বিষয়ে যথাসম্ভব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। **দক্ষ ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগঃ** ভোটকেন্দ্রে দক্ষতা ও নিরপেক্ষতার সাথে সুষ্ঠুভাবে ভোটগ্রহণ অনুষ্ঠান পরিচালনাতেই নির্বাচন প্রক্রিয়ার সফল ও সার্থক প্রতিফলন ঘটে। ফলে ভোটকেন্দ্রে ভোটগ্রহণ অনুষ্ঠান পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণের দক্ষতা ও অভিজ্ঞতার উপর বিশেষভাবে গুরুত্ব প্রদান করতে হবে। এ লক্ষে উচ্চ মর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করাই সমীচীন বলে নির্বাচন কমিশন মনে করে। নির্বাচন কমিশন আশা করে যে, যেহেতু দেশের ইউনিয়ন পরিষদসমূহে ভোটকেন্দ্রের সংখ্যা সীমিত, সেহেতু সুষ্ঠু, সুন্দর ও শান্তি শৃঙ্খলা রক্ষার জন্য সাংগঠনিক ক্ষমতা, দক্ষতা, অভিজ্ঞতা, নিরপেক্ষতার প্রতি লক্ষ্য রেখে এরূপ দায়িত্ববান কর্মকর্তাগণের মধ্যে হতে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগ করার জন্য বিশেষ গুরুত্ব দিতে হবে। তবে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগের ক্ষেত্রে অব্যশই বয়সের প্রতি দৃষ্টি রেখে নিয়োগ প্রদান করতে হবে। **জ্যেষ্ঠতার বিষয়টি বিবেচনায় রেখে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ করতে হবে।**

৫। **প্রার্থীর অধীনস্থ ব্যক্তিকে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ না করাঃ** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৮ বিধির শর্ত বিধান অনুসারে যদি কোন ব্যক্তি কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অধীন বা পক্ষে চাকুরিতে নিয়োজিত থাকেন বা অনুরূপভাবে কোন সময় নিয়োজিত ছিলেন, তবে তাকে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার বা পোলিং অফিসার নিয়োগ করা যাবে না। এছাড়া যে সমস্ত কর্মকর্তা বা শিক্ষক/শিক্ষিকা সম্পর্কে মতবিরোধ রয়েছে সে সকল কর্মকর্তা বা শিক্ষক/শিক্ষিকাকে ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োগ করা যাবে না।

৬। **ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগপত্রঃ** রিটার্নিং অফিসারদের সুবিধার্থে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার নিয়োগের একটি নমুনা পরিশিষ্ট-ক-এ দেয়া হল। এ নমুনা অনুযায়ী নিয়োগপত্রের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি রিটার্নিং অফিসারকে স্থানীয়ভাবে ছাপিয়ে বা কম্পিউটারে বানিয়ে নিতে হবে। মুদ্রণের খরচ মিটানোর জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হয়।

৭। **ভোটগ্রহণ কর্মকর্তাদের তালিকা প্রণয়ন ও কমিশনে প্রেরণঃ** রিটার্নিং অফিসারগণকে ভোটকেন্দ্রের তালিকার ভিত্তিতে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগ এবং অতিরিক্ত ১০% হিসেবে নিয়োগপূর্বক নিয়োজিত কর্মকর্তাদের তালিকা অবশ্যই নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে। নির্বাচন কমিশনের অনুমতি ব্যতিরেকে দাখিলকৃত এ তালিকায় কোন রদবদল করা যাবে না। এ প্রসঙ্গে বিধিমালার ৮(২) বিধি অনুসরণ করতে হবে।

> " ৮(২) রিটার্নিং অফিসার প্যানেল প্রস্তুত করিবার পর, প্যানেলভুক্ত কর্মকর্তা ও কর্মচারীগণের চাকুরি কমিশনে ন্যস্ত করিবার উদ্দেশ্যে, সংশ্লিষ্ট সংস্থা ও প্রতিষ্ঠানের প্রধানগণের নিকট লিখিত অনুরোধ করিবেন এবং উহার একটি কপি নির্বাচন কমিশনে প্রেরণ করিবেন।"

৮। **ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণঃ** প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারদের দক্ষতার উপর সুষ্ঠু নির্বাচন বিশেষভাবে নির্ভরশীল বিধায় উক্ত কর্মকর্তাগণকে ভোটগ্রহণ অনুষ্ঠানের নিয়মাবলি যথা-অমোচনীয় কালির কলমের ব্যবহার, ভোটদানের উদ্দেশ্যে ব্যালট পেপার প্রদানের পূর্বে করণীয় দায়িত্বাবলি, স্বচ্ছ ব্যালট বাক্সের ব্যবহার, ব্যালট পেপার সরবরাহ, ভোটগ্রহণ পরিচালনা, ভোটগণনা, ফলাফল ঘোষণা, নির্বাচন পর্যবেক্ষক ব্যবস্থাপনা, নির্বাচনি কাগজপত্রাদি ব্যবস্থাপনা, নির্বাচন বিধিমালা ও ভোটকেন্দ্র ব্যবস্থাপনা ইত্যাদি সম্পর্কিত বিষয়ে স্বল্প মেয়াদি প্রশিক্ষণ কোর্সের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। **ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ নির্দেশিকাঃ** ভোটগ্রহণ অনুষ্ঠান পরিচালনার উদ্দেশ্যে ''প্রিজাইডিং অফিসার এবং সহকারী প্রিজাইডিং অফিসারদের জন্য নির্দেশিকা'' সম্বলিত একটি পুস্তিকা প্রস্তুত করা হয়েছে। তাছাড়া ''ভোটগ্রহণ কর্মকর্তাদের জন্য বিশেষ নির্দেশাবলি'' শীর্ষক একটি লিফলেট নির্বাচন কমিশন হতে প্রস্তুত করা হয়েছে। রিটার্নিং অফিসারগণ উক্ত নির্দেশাবলি সম্বলিত পুস্তিকা এবং লিফলেট সংশ্লিষ্ট ভোটগ্রহণ কর্মকর্তাগণকে সরবরাহ করবেন। উক্ত নির্দেশাবলিসমূহ যথাসময়ে সরবরাহের পর পরই প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারদের একটি প্রশিক্ষণ কোর্সে যোগদানের জন্য আহবান করা হবে। প্রশিক্ষণ চলাকালীন সময়ে তারা নির্দেশাবলি সঠিকভাবে অনুধাবন করতে পারছেন কিনা তা নানাবিধ প্রশ্নের মাধ্যমে যাচাই করে নিতে হবে। এ প্রশিক্ষণের কাজ ভোটগ্রহণের ৪/৫ দিন পূর্বে অবশ্যই শেষ করতে হবে। নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট এ প্রশিক্ষণের কার্যক্রম পরিচালনা করবে।

১০। **ভোটগ্রহণ কর্মকর্তা অপসারণ বা পুনঃনিয়োগঃ** (ক) স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৮ অনুসারে কোন সহকারী প্রিজাইডিং অফিসার অথবা পোলিং অফিসার তার কর্তব্য পালনের জন্য ভোটকেন্দ্রে উপস্থিত হতে ব্যর্থ হলে, প্রিজাইডিং অফিসার তাৎক্ষণিকভাবে যে কোন ব্যক্তিকে সহকারী প্রিজাইডিং অফিসার অথবা পোলিং অফিসার নিয়োগ করতে পারবেন যিনি নিজে কোন প্রার্থী নহেন, বা কোন প্রার্থীর সাথে সম্পর্কযুক্ত নহেন এবং প্রিজাইডিং অফিসার কোন পোলিং অফিসারের অনুপস্থিতি, উহার কারণ এবং অনুরূপ অনুপস্থিতির কারণে তদস্থলে অপর কোন ব্যক্তিকে নিয়োগের বিষয় ভোটগ্রহণ শেষ হওয়ার পর যথাশীঘ্র সম্ভব রিটার্নিং অফিসারকে অবহিত করবেন।

(খ) অসুস্থতা বা অন্য কোন কারণে প্রিজাইডিং অফিসার ভোটকেন্দ্রে উপস্থিত হতে বা উপস্থিত হওয়া সত্ত্বেও তার দায়িত্ব পালনে অক্ষম হলে, প্রিজাইডিং অফিসার তার অনুপস্থিতি বা অক্ষমতার কারণ যথাশীঘ্র সম্ভব রিটার্নিং অফিসারকে অবহিত করবেন এবং রিটার্নিং অফিসার সহকারী প্রিজাইডিং অফিসারগণের বা পোলিং অফিসারগণের মধ্য হতে যে কোন একজনকে উক্ত প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালনের জন্য ক্ষমতা প্রদান করবেন।

(গ) রিটার্নিং অফিসার, লিখিতভাবে কারণ লিপিবদ্ধ করে, ভোটগ্রহণ চলাকালে যে কোন সময়, যে কোন প্রিজাইডিং অফিসার অথবা সহকারী প্রিজাইডিং অফিসার অথবা পোলিং অফিসারকে তার দায়িত্ব পালন হতে বিরত থাকার আদেশ দিতে পারবেন এবং উক্তরূপ আদেশ প্রদানের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

১১। **ভোটগ্রহণ কর্মকর্তাদের পরিচয়পত্রঃ** রিটার্নিং অফিসার কর্তৃক নিয়োগপ্রাপ্ত ভোটগ্রহণ কর্মকর্তাদের পরিচিতির জন্য নির্বাচন কমিশন সচিবালয় হতে পরিচয়পত্র সরবরাহ করা হবে। সকল ভোটগ্রহণ কর্মকর্তাকে দায়িত্ব পালনকালে এ পরিচয়পত্র বহন করতে হবে।

১২। **ব্যালট পেপার ও মুড়িপত্র সংরক্ষণে ভোটগ্রহণ কর্মকর্তাদের সতর্কতাঃ** আইন ও বিধিগতভাবে ভোটগ্রহণ কর্মকর্তাদের দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে প্রতিপালনের উপরই নির্বাচন অনেকাংশে নির্ভরশীল। তাই তাঁদেরকে দায়িত্বশীলতার পরিচয় দিতে হবে। অতীতে দেখা গেছে যে, কোন স্বার্থান্বেষী হয়তো ব্যালট পেপার/ব্যালট পেপারসমূহ ব্যালট বাক্সে না ফেলে কৌশলে নিয়ে যায় এবং পরবর্তীতে নানা বিভ্রান্তি ছড়ায় বা নির্বাচন প্রশ্নবিদ্ধ করার পাঁয়তারা করে। আবার কেউ কেউ মুড়িপত্র নিয়ে যায়। এ সকল পরিস্থিতি নিরসনে প্রত্যেক ভোটকক্ষের দায়িত্ব প্রাপ্ত ভোটগ্রহণ কর্মকর্তাগণের একজন ব্যালট পেপারসমূহের প্রত্যেকটি ভোট প্রদানের পর ব্যালট বাক্সে ফেলেছে কিনা তা তদারকি করবে। আর ব্যালট বইয়ের ব্যালট শেষ হওয়ার সাথে সাথে মুড়িপত্রসমূহ কোন বাক্সে বা থলিতে ঢুকিয়ে নিরাপত্তা সহকারে রাখতে হবে, যাতে কক্ষ হতে বা গণনার সময় কেউ না নিয়ে যেতে পারে।

১৩। **নির্বাচনি এজেন্ট নিয়োগঃ** (১) চেয়ারম্যান নির্বাচনের জন্য কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বিধি অনুসারে চেয়ারম্যান পদে নির্বাচিত হওয়ার যোগ্যতা সম্পন্ন একজন ব্যক্তিকে তাঁর নির্বাচনি এজেন্ট নিয়োগ করতে পারবেন। সদস্য নির্বাচনের জন্য কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বিধি অনুসারে সদস্যপদে নির্বাচিত হওয়ার যোগ্যতা সম্পন্ন একজন ব্যক্তিকে তাঁর নির্বাচনি এজেন্ট নিয়োগ করতে পারবেন।

(২) নির্বাচনি এজেন্ট নিয়োগ সংক্রান্ত বিষয়টি ফরম 'জ' অনুসারে লিখিতভাবে রিটার্নিং অফিসারের নিকট দাখিল করতে হবে।

(৩) নির্বাচনি এজেন্ট নিয়োগপত্রের নমুনা পরিশিষ্ট-খ-এ দেয়া হল।

১৪। **নির্বাচনি এজেন্টের নিয়োগ বাতিল সংক্রান্তঃ** প্রতিদ্বন্দ্বী প্রার্থী যে কোন মুহূর্তে তাঁর নির্বাচনি এজেন্টের নিয়োগ বাতিল করতে পারবেন। নির্বাচনি এজেন্ট নিয়োগ বাতিল হলে কিংবা কোন নির্বাচনি এজেন্ট মৃত্যুবরণ করলে, প্রার্থী লিখিত নোটিশ দ্বারা নির্বাচনি এজেন্টের নিয়োগ বাতিল করবেন। প্রার্থী বিধি ২৪(১) বা ক্ষেত্রমত ২৪(২) এর বিধান অনুসারে পুনরায় অন্য কোন ব্যক্তিকে তাঁর নির্বাচনি এজেন্ট হিসেবে নিয়োগ দিতে পারবেন এবং নিয়োগের বিষয়টির সংগে উক্ত নির্বাচনি এজেন্টের নাম, পিতার নাম এবং ঠিকানা উল্লেখ করে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে অবহিত করবেন।

১৫। **প্রার্থী স্বয়ং নির্বাচনি এজেন্টঃ** যে ক্ষেত্রে প্রার্থী কোন নির্বাচনি এজেন্ট নিয়োগ করবেন না, সে ক্ষেত্রে প্রার্থীকেই তাঁর নির্বাচনি এজেন্ট হিসেবে বিবেচনা করা হবে [বিধি ২৪(৫) দ্রষ্টব্য]।

১৬। **পোলিং এজেন্ট নিয়োগঃ** (১) প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা তাঁর নির্বাচনি এজেন্ট, প্রতি ভোটকক্ষের জন্য সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার ভোটারদের মধ্যে হতে অনধিক একজন পোলিং এজেন্ট নিয়োগ করতে পারবেন।

(২) প্রিজাইডিং অফিসারের নিকট ভোট গ্রহণ শুরু হওয়ার পূর্বে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তার নির্বাচনি এজেন্ট উক্ত ভোটকেন্দ্রের জন্য নিয়োগকৃত পোলিং এজেন্টের ১ (এক) কপি ছবিসহ নিয়োগপত্র তফসিল-১ এর ফরম 'জ-১' এ দাখিল করবেন।

(৩) পোলিং এজেন্টগণকে নির্বাচন কমিশন বা রিটানিং অফিসার বা প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রদত্ত ছবিসহ পোলিং এজেন্টের পরিচয়পত্র বুকে ঝুলাইয়া রাখতে হবে। উক্ত পরিচয়পত্র ছাড়াও নিয়োগপত্র এবং তার নিজস্ব জাতীয় পরিচয়পত্র সংগে রাখতে হবে। প্রত্যেক পোলিং এজেন্টকে কমিশন কর্তৃক নির্ধারিত এবং প্রার্থী কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত নমুনার কাপড়ের তৈরি বাহুবন্ধনী বা আর্মড ব্যান্ড রাখতে হবে।

(৪) পোলিং এজেন্টের নিয়োগপত্রের নমুনা পরিশিষ্ট-গ এ দেয়া হল।

১৭। **পোলিং এজেন্টের উপস্থিতির রেকর্ডঃ** সহকারী প্রিজাইডিং অফিসার ফরম 'জ-২' অনুসারে পোলিং এজেন্টের উপস্থিতির রেকর্ড রাখবেন। কোন পোলিং এজেন্ট বিশেষ প্রয়োজনে ভোটকক্ষের বাইরে গেলে এবং আবার প্রবেশ করলে তাও ফরম-জ-২ এ রেকর্ড করবেন।

১৮। **পোলিং এজেন্টের নিয়োগ বাতিল সংক্রান্ত নোটিশঃ** পোলিং এজেন্টের নিয়োগের আদেশ প্রার্থী কিংবা তাঁর নির্বাচনি এজেন্ট যে কোন সময়ে বাতিল করতে পারেন। যদি বাতিল করা হয় কিংবা কোন পোলিং এজেন্ট মৃত্যুবরণ করে, তবে নতুন পোলিং এজেন্ট নিয়োগ করা যেতে পারে। এরূপ নিয়োগদান সম্পর্কিত পোলিং এজেন্ট নিয়োগ বাতিল সম্পর্কে প্রিজাইডিং অফিসারকে জানাতে হবে [বিধি ২৫(৪) দ্রষ্টব্য]।

১৯। **পোলিং এজেন্টের দায়িত্বঃ** পোলিং এজেন্টগণ প্রার্থীর পক্ষে ভোটকেন্দ্রে ভোটগ্রহণ কার্যাদি অবলোকন করতে পারবেন এবং ভোটারকে সঠিকভাবে শনাক্ত করতে ভোট গ্রহণ কর্মকর্তাদের সহায়তা করবেন।

২০। **পোলিং এজেন্টের অনুপস্থিতিতে ভোটগ্রহণ কার্যক্রম বন্ধ না থাকাঃ** যদি কোন প্রার্থীর পোলিং এজেন্ট অনুপস্থিত থাকেন বা কোন সময় ভোটকেন্দ্র হতে চলে যান, তাহলে ভোটগ্রহণ কার্যক্রম কোনক্রমে বন্ধ থাকবে না।

২১। **নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টদের পরিচয়পত্রঃ** প্রতিদ্বন্দ্বী প্রার্থী কর্তৃক নিয়োগপ্রাপ্ত নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টদের পরিচিতির জন্য নির্বাচন কমিশন সচিবালয় হতে পরিচয়পত্র সরবরাহ করা হবে। প্রত্যেককেই এ পরিচয়পত্র বহন করতে হবে। পোলিং এজেন্টের নিজের জাতীয় পরিচয়পত্র এবং নির্বাচন কমিশন সচিবালয় হতে সরবরাহকৃত পরিচয়পত্র ছাড়া তারা নিজেরা অন্য কোন পরিচয় পত্র বা প্রতীকের ছবি বা প্রার্থীর ছবি বহন/প্রদর্শন/ঝুলাতে পারবেন না।

২২। **পোলিং এজেন্ট ভোটকেন্দ্র/ভোটকক্ষে ঘুরাফিরা না করা বা বাইরে না যাওয়াঃ** পোলিং এজেন্টগণ তাঁদের জন্য নির্ধারিত স্থানে উপবিষ্ট থেকে ভোটগ্রহণ কার্যক্রম পর্যবেক্ষণ করবেন। তারা কোনভাবেই গোপনীয় কক্ষে যেতে পারবে না। এমনকি ভোটগ্রহণ চলাকালে ঘন ঘন বাইরেও যেতে পারবেন না। প্রাকৃতিক ডাকে সাড়া দেয়ার প্রয়োজন হলে নিকটস্থ টয়লেটেই তা সেরে দ্রুত নির্ধারিত স্থানে উপবিষ্ট থাকতে হবে। পথিমধ্যে কারও সাথে আলাপ আলোচনা করতে পারবে না। খাবারের প্রয়োজন হলে সকাল বেলা আসন গ্রহণের প্রাক্কালেই খাবার নিয়ে আসতে হবে। খাবারের জন্য বা খাবারের অজুহাতে কক্ষের বাহিরে যেতে পারবে না। বিষয়টি পূর্বেই প্রার্থী, তার নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টগণকে জানিয়ে দিতে হবে। ভোটগ্রহণ শেষ হওয়ার ১ ঘণ্টা পূর্ব হতে ভোটগ্রহণ শেষ না হওয়া পর্যন্ত কোন পোলিং এজেন্ট বাইরে যেতে পারবে না। বিষয়টি পূর্বেই প্রার্থী, তার নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টগণকে জানিয়ে দিতে হবে।

২৩। **ভোটকক্ষে মোবাইল ফোন নিষিদ্ধঃ** কোন পোলিং এজেন্ট বা নির্বাচনি এজেন্ট ভোটকক্ষে কোন মোবাইল ফোন ব্যবহার করতে পারবে না। প্রিজাইডিং অফিসার এর নিশ্চয়তা বিধান করবেন।

২৪। **পোলিং এজেন্ট কর্তৃক ভোটকক্ষে ভোটার তালিকা রাখাঃ** ভোটকক্ষে উপস্থিত পোলিং এজেন্টকে সংশ্লিষ্ট প্রার্থী বা নির্বাচনি এজেন্ট উক্ত ভোটকক্ষের ছবিছাড়া ভোটার তালিকা সরবরাহ করবে। পোলিং এজেন্টগণকে ভোটকক্ষে ছবিছাড়া ভোটার তালিকাসহ উপস্থিত থাকতে হবে। উক্ত ভোটার তালিকাটি অবশ্যই ছবিছাড়া ভোটার তালিকা হতে হবে।

২৫। **আপত্তিকৃত ভোট না থাকাঃ** নির্বাচন কমিশন কর্তৃক ছবিসহ ভোটার তালিকা প্রণয়নের পর হতে জাতীয় সংসদ নির্বাচন এবং স্থানীয় সংস্থার সকল নির্বাচনে উক্ত ছবিসহ ভোটার তালিকা ব্যবহার করা হচ্ছে। ছবিসহ ভোটার তালিকার প্রেক্ষিতে যেহেতু ভোটারের ছবিসহ সার্বিক পরিচয় পাওয়া যায় সেহেতু বর্তমানে অনুষ্ঠিত স্থানীয় সংস্থার নির্বাচনে আপত্তিকৃত ভোটের কোন বিধান নেই। এক্ষেত্রে কোন ভোটার সম্পর্কে আপত্তি থাকলে প্রিজাইডিং অফিসার ছবিসহ ভোটার তালিকার সাথে মিলিয়ে ভোটারকে ভোট দিতে দিবেন অথবা সন্তুষ্ট না হলে ভোটদান করতে দিবেন না। এক্ষেত্রে সহকারী প্রিজাইডিং অফিসার/প্রিজাইডিং অফিসারের সিদ্ধান্তেই চূড়ান্ত। বিষয়টি সকল নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টকে বুঝিয়ে দিতে হবে। আপত্তিকৃত ভোট না থাকায় এ সংক্রান্ত কোন ফরম বা প্যাকেটও ব্যবহৃত হবে না।

২৬। **নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টদের নির্দেশাবলি বিষয়ক লিফলেটঃ** নির্বাচন কমিশন কর্তৃক ''নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টদের নির্দেশাবলি'' বিষয়ক একটি লিফলেট প্রস্তুত করা হয়েছে। এ লিফলেটে নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টদের দায়িত্বাবলি সম্পর্কে বিশেষভাবে উল্লেখ রয়েছে। এ লিফলেট যথাসময়ে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের মাধ্যমে নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টদের অনুসরণের জন্য বিতরণ করতে হবে। প্রত্যেক নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টকে উক্ত নির্দেশাবলি প্রতিপালনের জন্য নির্দেশ দিতে হবে।

২৭। **ভোটগ্রহণ শেষ হওয়ার এক ঘণ্টা পূর্ব হতে ভোটকক্ষ ত্যাগ না করাঃ** পোলিং এজেন্টগণ ভোটগ্রহণ শেষ হওয়ার ১ ঘণ্টা পূর্ব হতে ভোটগ্রহণ শেষ না হওয়া পর্যন্ত কোন অবস্থাতেই ভোটকক্ষ ত্যাগ করতে পারবেন না।

২৮। **ফরমে স্বাক্ষর করাঃ** পোলিং এজেন্টগণ বিধি অনুযায়ী বিভিন্ন ফরমের যেখানে স্বাক্ষর করা প্রয়োজন সেখানে স্বাক্ষর করবেন।

২৯। **ভোট গণনার সময় পোলিং এজেন্ট উপস্থিত থাকাঃ** ভোটগণনার সময় প্রত্যেক প্রার্থীর ১(এক) জন পোলিং এজেন্ট উপস্থিত থাকবেন। এ ক্ষেত্রে ফরম 'জ-১' এ পূর্বেই প্রার্থী প্রিজাইডিং অফিসারকে তা জানিয়ে রাখবেন। প্রিজাইডিং অফিসার সেটি যাচাই করে নিবেন এবং ভোটগণনা শুরুর পূর্বেই তাকে ভোট গণনার সময় উপস্থিত থাকার আদেশ দিবেন।

৩০। **প্রাপ্তিস্বীকারঃ** এই পরিপত্রের প্রাপ্তিস্বীকারের জন্য অনুরোধ করা হল।

সংলগ্নীঃ উপরে বর্ণিত

২৩/৩/২০২১
(মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
e-mail: ecsemc2@gmail.com

বিতরণ: ১। জেলা প্রশাসক, --------------------------------(সংশ্লিষ্ট)
২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, -------(সংশ্লিষ্ট)
৩। উপজেলা নির্বাহী অফিসার, ---------------------------------(সংশ্লিষ্ট)
৪। উপজেলা/থানা নির্বাচন অফিসার, ----------------------------(সংশ্লিষ্ট)
৫। -------------------------------------ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৫.২১-১৭১

তারিখ: ০৯ চৈত্র ১৪২৭ / ২৩ মার্চ ২০২১

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, ......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৬. সচিব, ......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, ........................... (সংশ্লিষ্ট) বিভাগ
১১. পুলিশ কমিশনার, ...........................(সংশ্লিষ্ট)
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. মহাপরিচালক (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৭. জেলা প্রশাসক, ...........................(সংশ্লিষ্ট)
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ........................... (সংশ্লিষ্ট)
১৯. পুলিশ সুপার, .............................(সংশ্লিষ্ট)
২০. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. উপজেলা নির্বাহী অফিসার, .............................(সংশ্লিষ্ট)
২২. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ....................... (সংশ্লিষ্ট)
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৬. উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, .................................. (সংশ্লিষ্ট)
২৭. অফিসার-ইন-চার্জ, .....................................................(সংশ্লিষ্ট) থানা।

২৩/০৩/২০২১
( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
ফোন: ০২-৫৫০০৭৫৫৯
Email: ecsemc2@gmail.com

পরিশিষ্ট-ক

# "রিটার্নিং অফিসারের কার্যালয়"

## ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণ কর্মকর্তার নিয়োগপত্র

ভোটকেন্দ্রের নম্বর, নাম ও অবস্থানঃ ......................................................, মোট ভোটার সংখ্যাঃ .............................
যে সকল ভোটার এলাকার ভোটারগণ ভোট দিবেনঃ ....................................., মোট বুথ (ভোটকক্ষ) এর সংখ্যাঃ...............

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৮(৩) বিধিতে প্রদত্ত ক্ষমতাবলে আমি এতদ্বারা নিম্নেবর্ণিত ব্যক্তিগণকে ........................... ইউনিয়ন পরিষদের..................................................................... নং ওয়ার্ডের ভোটকেন্দ্রের প্রিজাইডিং অফিসার এবং প্রিজাইডিং অফিসারকে ভোটগ্রহণে সহায়তাদানের জন্য সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার হিসেবে নিয়োগ করছিঃ

| প্রিজাইডিং অফিসারের নাম ও পদবি | সহকারী প্রিজাইডিং অফিসারের নাম ও পদবি | পোলিং অফিসারের নাম ও পদবি | প্রিজাইডিং অফিসারের অনুপস্থিতিতে প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালনের জন্য মনোনীত সহকারী প্রিজাইডিং অফিসারের নাম ও পদবি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১।............. | ১। ....................... | ১। ......................<br>২। ...................... | ১।................................. |
| | ২। ...................... | ১। ......................<br>২। ...................... | |
| | ৩। ..................... | ১। ....................<br>২। ...................... | |
| | ৪। ..................... | ১। ......................<br>২। ...................... | |
| | ইত্যাদি | ইত্যাদি | |

রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও সিল

(এ অংশটুকু রিটার্নিং অফিসারকে স্বাক্ষরপূর্বক ফেরত দিতে হবে)

### ভোটগ্রহণ কর্মকর্তাদের অংগীকার নামা

ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়ে আমি ..........................................................................................,
(নাম)

............................................................................ অংগীকার করছি যে, আমি আমার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য সর্বপ্রকার
(পদবি)
দলীয়/গোষ্ঠীয়/ধর্মীয় প্রভাব হতে মুক্ত থেকে সততা ও ন্যায়নিষ্ঠার সাথে পালন করব। আমি অবগত আছি যে, দায়িত্ব সম্পাদনে কোন ব্যত্যয়ের জন্য স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০; নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩ নং আইন) এবং সংশ্লিষ্ট আইন অনুযায়ী দায়ী থাকব।

তারিখঃ

......................................................................
প্রিজাইডিং/সহকারী প্রিজাইডিং /পোলিং অফিসার এর পূর্ণ নাম ও স্বাক্ষর

# "নির্বাচনি এজেন্ট নিয়োগপত্রের নমুনা"

## ফরম-জ

[ বিধি ২৪(৪) দ্রষ্টব্য ]

## নির্বাচনি এজেন্ট নিয়োগ

বরাবর
রিটার্নিং অফিসার

................................... ইউনিয়ন পরিষদ

বিষয়ঃ নির্বাচনি এজেন্ট নিয়োগ।

মহোদয়,

উপরোক্ত বিষয়ে.......................... ইউনিয়ন পরিষদের............................ওয়ার্ডের (প্রযোজ্য ক্ষেত্রে) চেয়ারম্যান/ সংরক্ষিত/সাধারণ আসনের সদস্য পদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী ................................................................. পিতা/স্বামী ................................................................................................................................ নির্বাচনি প্রতীক....................................এর নির্বাচনি এজেন্ট হিসাবে কাজ করিবার জন্য স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ২৪ অনুসারে নিম্নে বর্ণিত ব্যক্তিকে নিয়োগ করিতেছি। নিম্নে তাহার বিবরণী ও তিনটি স্বাক্ষর সত্যায়ন করিলামঃ

| নির্বাচনি এজেন্টের নাম | নির্বাচনি এজেন্টের পিতা/স্বামীর নাম | মাতার নাম | নির্বাচনি এজেন্টের ঠিকানা | নির্বাচনি এজেন্টের ভোটার নম্বর বা জাতীয় পরিচয়পত্রের নম্বর | নির্বাচনি এজেন্টের স্বাক্ষর | সত্যায়নকারী (প্রার্থী কর্তৃক) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | ১. | |
| | | | | | ২. | |
| | | | | | ৩. | |

২। উল্লিখিত ব্যক্তি বিভিন্ন ভোটকেন্দ্রের ভোট চলাকালীন ও গণনাকালীন সময়েও দায়িত্ব পালন/পর্যবেক্ষণ করিবেন।

স্থান ঃ

তারিখ ঃ ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

প্রার্থীর নাম ও স্বাক্ষর এবং নির্বাচনি প্রতীক......................

পরিশিষ্ট-গ

# "পোলিং এজেন্ট নিয়োগপত্রের নমুনা"
## ফরম-জ-১
## [বিধি ২৫(২) দ্রষ্টব্য]
## পোলিং এজেন্ট নিয়োগ

পোলিং এজেন্টের ছবি

বরাবর

প্রিজাইডিং অফিসার

.................................................. ভোটকেন্দ্র

বিষয়ঃ পোলিং এজেন্ট নিয়োগ।

মহোদয়,

উপরোক্ত বিষয়ে ......................... ইউনিয়ন পরিষদের ......................... ওয়ার্ডের (প্রযোজ্য ক্ষেত্রে) চেয়ারম্যান/সংরক্ষিত/সাধারণ আসনের সদস্য পদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী ........................................................ পিতা/স্বামী.................................................................................নির্বাচনি প্রতীক ............................এর ................................................................ভোটকেন্দ্রে পোলিং এজেন্ট হিসাবে কাজ করিবার জন্য স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ২৫ অনুসারে নিম্নেবর্ণিত ব্যক্তিবর্গকে নিয়োগ করিতেছি।

| ক্রমিক সংখ্যা | পোলিং এজেন্টের নাম | পোলিং এজেন্টের পিতা/স্বামীর নাম | পোলিং এজেন্টের ঠিকানা | পোলিং এজেন্টের ভোটার নম্বর বা জাতীয় পরিচয়পত্রের নম্বর | পোলিং এজেন্টের স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | | | | | |
| ২. | | | | | |
| ৩. | | | | | |
| ৪. | | | | | |
| ৫. | | | | | |
| ৬. | | | | | |
| ৭. | | | | | |
| ৮. | | | | | |
| ৯. | | | | | |
| ১০. | | | | | |

২। ..............................ক্রমিকে উল্লিখিত ব্যক্তি/ব্যক্তিবর্গ উক্ত ভোটকেন্দ্রের ভোট গণনাকালীন সময়েও দায়িত্ব পালন করিবেন।

স্থান ঃ

তারিখ ঃ দিন মাস বৎসর

প্রার্থী/নির্বাচনি এজেন্টের নাম ও স্বাক্ষর

এবং নির্বাচনি প্রতীক.................